# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৬০

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি দানের মাধ্যমে আল্লাহর নৈকট্য অর্জন করতে চাইবে, তখন তার জন্য ওয়াজিব হলো পুরো সম্পদ দান না করে এক-তৃতীয়াংশ দান করার উপর সীমাবদ্ধ থাকা

## ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الِاقْتِصَارِ عَنْ ثُلُث مَالِهِ إِذَا أَرَادَ التَّقَرُّبَ بِهِ إِلَى اللَّهِ دُونَ إِخْرَاجِ مَالِهِ كُلِّهِ

---

আরবী

3360 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ الْكَلَاعِيُّ بِحِمْصَ قَالَ: حَدَّثَنَا كَثِيرُ بْنُ عُبَيْدٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حَرْبٍ عَنِ الزُّبَيْدِيِّ عَنِ الزُّهْرِيِّ عَنْ حُسَيْنِ بْنِ السَّائِبِ بْنِ أَبِي لُبَابَةَ: أَنَّ جَدَّهُ أَبَا لُبَابَةَ حِينَ تَابَ اللَّهُ عَلَيْهِ فِي تَخَلُّفِهِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَفِيمَا كَانَ سَلَفَ قَبْلَ ذَلِكَ فِي أُمُورٍ وَجَدَ عَلَيْهِ فِيهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: يارسول اللَّهِ إِنِّي أَهْجُرُ دَارِيَ الَّتِي أَصَبْتُ فِيهَا الذَّنْبَ وَأَنْتَقِلُ إِلَيْكَ وَأُسَاكِنُكَ وَإِنِّي أَنْخَلِعُ مِنْ مَالِي كُلِّهِ صَدَقَةً إِلَى اللَّهِ وَإِلَى رَسُولِهِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (يجزئك من ذلك الثلث)
الراوي : حُسَيْن بْن السَّائِبِ بْنِ أَبِي لُبَابَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني |
المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3360 | خلاصة حكم المحدث: ضعيف , والمحفوظ أن صاحب القصة كعب بن مالك - ((تخريج المشكاة)) (3439).

বাংলা

৩৩৬০. হুসাইন বিন সাইব বিন আবূ লুবাবাহ থেকে বর্ণিত, তিনি বলেন যে, তার দাদার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে পিছে থাকা ও ইতিপূর্বে তার যেসব কাজে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মনে কষ্ট পান, অতঃপর যখন মহান আল্লাহ তার তাওবা কবূল করেন, তখন তিনি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি আমার এই ঘর ত্যাগ করবো, যেখানে আমার এই পাপ সংঘটিত হয়েছে এবং আমি আপনার কাছে এসে বসবাস করবো। আমি আমার সমস্ত সম্পদ আল্লাহ ও তাঁর রাসূলের উদ্দেশ্যে দান করতে

চাই।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, “এক্ষেত্রে তোমার জন্য এক-তৃতীয়াংশ সম্পদই যথেষ্ট।”[1]

## ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৪/১৮১; মুসনাদ আহমাদ: ৩/৪৫২-৪৫৩; ইমাম বুখারী, আত তারীখুল কাবীর: ২/৩৮৫; তাবারানী: ৪৫০৯; মুয়াত্তা ইমাম মালিক: ২/৪৮১; দারেমী: ১/৩৯০; আবূ দাঊদ: ৩৩২০।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (তাখরীজুল মিশকাত: ৩৪৩৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92693

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন